দৈনিক
ইত্তেফাক

তারিখ ০4 FEB 2016
পৃষ্ঠা ২-৬ কলাম ৭

# প্রাথমিক শিক্ষা কর্মকর্তার ভুলে শতাধিক পিএসসি পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

■ কিশোরগঞ্জ (নীলফামারী) সংবাদদাতা

নীলফামারীর কিশোরগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার উদাসীনতা ও কম্পিউটার অপারেটরের অদক্ষতার কারণে শতাধিক পিএসসি ও এবতেদায়ী পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। এমনকি অনেক ছাত্র-ছাত্রী ওই পরীক্ষায় অংশ না নিলেও তাদের ফলাফল প্রকাশ করা হয়েছে।

জানা গেছে, পিএসসি পরীক্ষার্থীদের নাম রেজিস্ট্রেশন করার সময় একজন ছাত্রের রেজিস্ট্রেশন নম্বর আরেকজন ছাত্রের রোল নম্বরের সাথে গুলিয়ে ফেলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা। যাচাই না করেই এসব কাগজপত্র উপজেলা কর্মকর্তারা অধিদপ্তরে পাঠিয়ে দেয়।

ফলে শতাধিক পরীক্ষার্থীর ফল প্রকাশ হয়নি। অভিভাবকদের অভিযোগ, শিক্ষা কর্মকর্তা ও কম্পিউটার অপারেটরের ভুলের কারণে আমাদের কোমলমতি ছেলে-মেয়েরা একটি বছর পিছিয়ে যেতে বসেছে। নাম প্রকাশে অনিচ্ছুক পুষনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষক বলেন, যথাযথভাবে যাচাই না করার কারণে প্রায় প্রতিটি বিদ্যালয়ের একাধিক ছাত্র-ছাত্রীর এরকম হয়েছে। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মাসুদুল হাসানের সাথে কথা বললে তিনি জানান, তড়িঘড়ি করে কাজ করতে গিয়ে কিছু ভুল হয়েছে তা সংশোধনের চেষ্টা করা হচ্ছে।